গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম্‌স, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ)
আইডিইবি ভবন, ১৬০/এ কাকরাইল, ঢাকা।

নথি নং-৪(৬)৩৭/কর্ম পরিকল্পনা ও কর্ম কৌশল/মূঃ নীঃ/২০১৪/৫৩৭(৮) তারিখঃ ১৮/৮/১৫

# ২০১৫-১৬ অর্থবছরের রাজস্ব আদায়ের কৌশল ও কর্ম পরিকল্পনা

| ক্রঃনং | রাজস্ব আদায়ের কৌশল ও কর্ম পরিকল্পনা | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | সুনির্দিষ্ট ফরমেটে সরেজমিন জরিপ পরিচালনার মাধ্যমে নিবন্ধিত উৎপাদনকারী ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রকৃত করদায়িতা নিরূপণ করা হবে এবং কর পার্থক্য (Tax gap) কমিয়ে আনার সর্বাত্মক প্রচেষ্টা নেয়া হবে। | সকল বিভাগীয় দপ্তর এবং সদর দপ্তরের কর্মরত বাস্তবায়ন টিম এর কর্মরত রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা |
| ২ | বোর্ড নির্ধারিত ২৬ কলাম বিশিষ্ট রাজস্ব পরিসংখ্যান ছকে বিগত ৩ বছরের মাস ভিত্তিক রাজস্ব আদায় পরিস্থিতি পর্যালোচনা করার জন্য প্রতিটি সার্কেলের সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তার (ARO) সাথে প্রতিষ্ঠানভিত্তিক রাজস্বের গতি প্রকৃতি নিয়ে সদর দপ্তরে উর্দ্ধতন পর্যায়ে নিয়মিত সভা করা হবে। | কমিশনার, অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার |
| ৩ | ECR/POS ব্যবহারযোগ্য প্রতিষ্ঠানের মধ্যে এখনো যারা এটি ব্যবহার করছে না, তাদের ECR/POS স্থাপনে বাধ্য করার সকল আইনী পদক্ষেপ গ্রহণ করা হবে। | বিভাগীয় কর্মকর্তা/ সাকেলে কর্মরত রাজস্ব কর্মকর্তা। |
| ৪ | মাসিক ১ লক্ষ টাকা, ৫ লক্ষ টাকা, ১০ লক্ষ টাকা ও ২০ লক্ষ টাকার উর্ধ্বে রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠান চিহ্নিত করে রিস্ক ম্যানেজমেন্টের মাধ্যমে প্রতিটি বিভাজন অনুযায়ী ৫ শতাংশ প্রতিষ্ঠান নিরীক্ষার আওতায় এনে বছরের শুরুতেই বার্ষিক অডিট কর্মপরিকল্পনা তৈরী করা হবে এবং কার্যকর নিরীক্ষার ফলাফল প্রাপ্তি ও উদঘাটিত পরিহারকৃত রাজস্ব আদায় নিয়মিত মনিটরিং করা হবে। | যুগ্ম-কমিশনার (অডিট)। |
| ৫ | দাপ্তরিক কঠোর শৃংখলা প্রতিষ্ঠা ও নিয়মিত রাজস্ব আদায় পর্যালোচনা সভা করা হবে। | কমিশনার/ অতিরিক্ত কমিশনার। |
| ৬ | অন্যান্য কমিশনারেট ও আয়কর বিভাগের নিকট থেকে তথ্য উপাত্ত আদান প্রদানের মাধ্যমে করদাতাদের সঠিক করদায়িতা নিরূপণ করার সর্বাত্নক প্রচেষ্টা নেয়া হবে। | কমিশনার/ অতিরিক্ত কমিশনার/ বিভাগীয় কর্মকর্তা। |
| ৭ | কমিশনারেট অধিক্ষেত্রের উৎসে মূসক আদায়কারী সকল প্রতিষ্ঠানের সাথে প্রতি মাসে অন্তত একবার সরেজমিন যোগাযোগ করা হবে। | সার্কেলের রাজস্ব কর্মকর্তা/ সহকারী রাজস্ব কর্মকর্তা। |
| ৮ | ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে নতুন বিধান সংযোজিত হওয়ায় ১ কোটি টাকার উর্ধ্বের বার্ষিক টার্নওভার বিশিষ্ট সকল প্রতিষ্ঠানের নিকট উৎসে মূসক কর্তনের বাধ্যবাধকতা ও পদ্ধতি অবহিত করে পত্র জারী করা হবে। | বিভাগীয় কর্মকর্তা/ সার্কেলের রাজস্ব কর্মকর্তা। |
| ৯ | বাণিজ্যিক আমদানিকারক হিসাবে নিবন্ধিত প্রতিষ্ঠানের তালিকা তৈরী করে আমদানি তথ্য সংগ্রহপূর্বক সকল প্রতিষ্ঠানের ব্যবসায়ী পর্যায়ের মূসক আদায় নিশ্চিতকরণে সুনির্দিষ্ট কর্মসূচী গ্রহণ করা হবে। | বিভাগীয় কর্মকর্তা |
| ১০ | বাজেটে যে সকল পণ্যের ট্যারিফ মূল্য বৃদ্ধি করা হয়েছে সে সকল পণ্যের উৎপাদন পর্যায়ে আনুপাতিকভাবে রাজস্ব বৃদ্ধি ঘটছে কিনা সে বিষয় নিয়মিত নিবিড় মনিটরিং করা হবে। | বিভাগীয় কর্মকর্তা/ রাজস্ব কর্মকর্তা। |
| ১১ | বেসরকারি মেডিকেল কলেজ, বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ প্রভৃতি সেবা খাতের ~~এবং আয়ুর্বেদিক ইউনানী ও ভেষজ ঔষধের উৎপাদন পর্যায়ে~~ প্রযোজ্য হারে মূসক আদায়ের জন্য মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং জোরদার করা হবে। | বিভাগীয় কর্মকর্তা/ সার্কেল কর্মকর্তা। |
| ১২ | "ক্রেডিট রেটিং এজেন্সী" শীর্ষক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর অস্তিত্ব যাচাই করে দ্রুত নিবন্ধনের আওতায় এনে নিয়মিত কর প্রদান উদ্বুদ্ধ করা হবে। | বিভাগীয় কর্মকর্তা। |

| ক্রঃনং | রাজস্ব আদায়ের কৌশল ও কর্ম পরিকল্পনা | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১৩ | বাজেটে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত স্থান ও স্থাপনার অব্যাহতি সীমা হ্রাস পাওয়ায় এ খাতের মূসক আদায় ও আরোপের বিষয়ে মনিটরিং জোরদার করা হবে। | বিভাগীয় কর্মকর্তা/ সার্কেল কর্মকর্তা |
| ১৪ | বাজেটে "যোগানদার" শীর্ষক সেবার মূসক ১% বৃদ্ধির ফলে সকল উৎসে কর্তনকারী সংস্থাকে আইনী বাধ্যবাধকতার বিষয়টি পত্রের মাধ্যমে পূণরায় অবহিত করা হবে, যাতে আইনী বাধ্যবাধকতার বিষয়ে কোন ভুল বোঝাবুঝি বা শুন্যতা সৃষ্টি না হয়। | বিভাগীয় কর্মকর্তা/ সার্কেল কর্মকর্তা |
| ১৫ | ২০১৫-১৬ অর্থবছরে বাজেটে প্যাকেজ ভ্যাটের বর্ধিত হার সম্পর্কে অর্থবছরের শুরুতেই করদাতাদের অবহিত করা হবে। | বিভাগীয় কর্মকর্তা/ সার্কেল কর্মকর্তা |
| ১৬ | কমিশনারেট সদর দপ্তর ও বিভাগীয় দপ্তরে অনিষ্পন্ন অনিয়ম মামলা, মূসক কর্তৃপক্ষের নিরীক্ষা আপত্তির দাবীনামা, চূড়ান্ত দাবীনামার নথিগুলো দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে বিশেষ মনিটরিং ব্যবস্থা তৈরী করা হবে। | অতিরিক্ত কমিশনার/ সহকারী কমিশনার (আইন) (Focal point) |
| ১৭ | উচ্চ আদালতে বিচারাধীন ও আপীলাত ট্রাইব্যুনালে বিচারাধীন মামলা দ্রুত নিস্পত্তিকরণে গৃহীত উদ্যোগ ও কর্মপরিকল্পনা এগিয়ে নেয়ার জন্য অর্থবছরের শুরু থেকেই সংশ্লিষ্টদের অধিক মাত্রায় তৎপর করা হবে। | অতিরিক্ত কমিশনার/ সহঃ কমিশনার (আইন)/ বিভাগীয় কর্মকর্তা/ সমন্বয় কর্মকর্তা |
| ১৮ | এ ছাড়াও সময়ে সময়ে বোর্ড থেকে প্রাপ্ত নির্দেশনাসমূহ পরিপালনের মাধ্যমে রাজস্ব আদায় কার্যক্রমের বিদ্যমান গতিশীলতা অব্যাহত রাখার ঐকান্তিক প্রচেষ্টা বহাল থাকবে। | অতিরিক্ত কমিশনার/ যুগ্ম-কমিশনার। |

[ ইসমাইল হোসেন সিরাজী ]
কমিশনার (চলতি দায়িত্ব)

প্রাপক ঃ বিভাগীয় কর্মকর্তা
কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট
মতিঝিল/সেগুনবাগিচা/তেজগাঁও/ধানমন্ডি/
লালবাগ/কোতয়ালী/নারায়নগঞ্জ/ মুন্সীগঞ্জ বিভাগ।

নথি নং-৪(৬)৩৭/কর্ম পরিকল্পনা ও কর্ম কৌশল/মূঃ নীঃ/২০১৪/ ৫৪০(৭) তারিখ ঃ ১৮/৮/১৫

**<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য ঃ</u>**

১. অতিরিক্ত কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

২. যুগ্ম কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

৩. সহকারী কমিশনার (প্রশাসন/গোয়েন্দা ও তদন্ত/আইন ও বিচার/গ্রহণ ও প্রেরণ) কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

৪. পিএ টু কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

[ মোঃ শওকাত হোসেন]
অতিরিক্ত কমিশনার
কমিশনারের পক্ষে